

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।
www.fisheries.barisaldiv.gov.bd

স্মারক নং: ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১-২৬৭

তারিখ: ০৬/১০/২০২৪খ্রি.

বিষয়: নৈতিকতা কমিটির সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ এর নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা আগামী ০৭/১০/২০২৪খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায়, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল, জনাব নৃপেন্দ্র নাথ বিশ্বাস, এর সভাপতিত্বে, সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এ অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।


০৬/১০/২০২৪

(নৃপেন্দ্র নাথ বিশ্বাস)

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

ফোনঃ ০২৪৭৮৮৬১৩২৬

ই-মেইলঃ ddbarisal@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১-২৬৭/১(৬)

তারিখ: ০৬ অক্টোবর, ২০২৪খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।


০২। সিনিয়র সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

০৩। স্টেনোগ্রাফার কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

০৪। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

০৫। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

০৬। সংশ্লিষ্ট নথি।


০৬/১০/২০২৪

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।



উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক
(অক্টোবর-ডিসেম্বর, ২০২৪-২৫) সভায় উপস্থিত সদস্যদের তালিকা:

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভার তারিখঃ ০৭ অক্টোবর, ২০২৪ খ্রিঃ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভাপতিঃ জনাব নৃপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ আনিসুজ্জামান	সিনিয়র সহকারী পরিচালক	
২.	জনাব মোঃ হাবিবুর রহমান	স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর	
৩.	জনাব সুপর্ণা গাইন	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	
৪.	জনাব মোঃ জহিরুল ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	

**উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক
(অক্টোবর-ডিসেম্বর, ২০২৪-২৫) সভা এর কার্যবিবরণীঃ**

সভার তারিখঃ ০৭ অক্টোবর, ২০২৪ খ্রিঃ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভার সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব নৃপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “পরিশিষ্ট-ক” তে সংরক্ষিত।

সভার শুরুতেই বিভাগীয় নৈতিকতা কমিটির সভাপতি ও বিভাগীয় উপপরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সকলকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রে নৈতিকতার সর্বোচ্চ মানদণ্ড বজায় রেখে বিদ্যমান বিধিবিধান মেনে দায়িত্ব পালনের আহবান জানান। সভায় উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর আওতাধীন জেলা এবং উপজেলা মৎস্য দপ্তরগুলোর বিষয়ে আলোচনা করা হয়। নিয়মিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কী কী বিষয়গুলোতে সতর্ক থাকতে হবে এবং বিভাগীয় কার্যালয় থেকে কিভাবে এগুলো স্বচ্ছ ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সহযোগিতা করা যায় সে বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় উপপরিচালক মহোদয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত হওয়া ও অফিস ত্যাগ করার সময় সম্পর্কে আলোচনা করেন। অফিস অংগন এবং অফিস কক্ষসমূহ সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। মা ইলিশ সংরক্ষণে আগামী ১৩ অক্টোবর থেকে ০৩ নভেম্বর/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত সমামুদ্রিক মৎস্য আহরণ এলাকায় সকল প্রকার নৌ-যান কর্তৃক ইলিশসহ সকল প্রকার মৎস্য আহরণ নিষিদ্ধ করার ব্যপারে জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাদের সব ধরনের তৎপরতা গ্রহণে সজাগ দৃষ্টি রাখতে বলা হয়। মা ইলিশ রক্ষা অভিযান সফল ভাবে পরিচালনা করতে সবাইকে সচেতন থাকার নির্দেশ প্রদান করেন। এছাড়া যার যার অবস্থান থেকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে নিষ্ঠার সহিত পালন করার বিষয়ে আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

১। সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্ধারিত সময়ে অফিসে আসতে হবে। সরকার নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগ করা যাবে না।


২। অফিস অংগন এবং অফিস কক্ষসমূহ সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

৩। মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৪ সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনা করতে হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতিঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কর্মকর্তা ও কর্মচারীগণ যথাসময়ে অফিসে উপস্থিত হন এবং সরকার নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগ করেন না। প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সর্বদা পরিষ্কার রাখা হয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৪ উপলক্ষে প্রেরিত সকল জিনিসপত্র/মালামাল উপজেলা/জেলা মৎস্য দপ্তরে সঠিকভাবে বুঝিয়ে দেওয়া হয়েছিল এবং জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৪ সঠিকভাবে পালন করা হয়। জাতীয় শুদ্ধাচার পুরস্কারের জন্য সকল নিয়মকানুন যথাযথভাবে পালন করে, যাচাই-বাছাইপূর্বক জাতীয় শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা সঠিক সময়ে প্রেরণ করা হয়।

সর্বপরি যার যার অধিক্ষেত্রে সকলে যেন সর্বোচ্চ নৈতিকতা ও শুদ্ধাচারের যথাযথ বাস্তবায়ন করতে পারে সে বিষয়ে বিভাগীয় ও জেলা কর্মকর্তাদের সর্বোচ্চ সহযোগিতার বিষয়টি জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(নৃপেন্দ্র নাথ বিশ্বাস)

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ,
বরিশাল।

তারিখঃ ০৯ অক্টোবর, ২০২৪ খ্রিঃ

পত্র নং- ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১.২৬৯/১(৬০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, মৎস্য, অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল জেলা)।
- ৩। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল উপজেলা)।
- ৪। খামার ব্যবস্থাপক (বরিশাল বিভাগের সকল মৎস্যবীজ উৎপাদন খামার)।
- ৫। সংশ্লিষ্ট নথি।